

নাম নং- ৪৮১১৬.২২৮.০০.০০.০৪০.২০২৫

ঢাকা ওয়াসা

Name of the work: Purchase of Dresser coupling rubber gasket for pipe line leakage repair work কাজের অস্থায়ী অগ্রীম অনুমোদন প্রসঙ্গে।

অনুচ্ছেদ-১.০

সাভার-কেরানীগঞ্জ ওয়েলফিল্ড প্লান্টে ২ টি আয়রন রিসার্ভাল প্লান্ট, ৪৫ টি গভীর নলকূপ (১টি নলকূপের কাজ অসমাপ্ত রয়েছে) ও ২ টি ৩৩/১১ কেভি বৈদ্যুতিক উপ-কেন্দ্রসহ অন্যান্য স্থাপনা সমূহ পরিচালনা ও পর্যবেক্ষণ করার জন্য আধুনিক অটোমোটেড স্ক্যাডা সিস্টেম রয়েছে। প্লানটের পানি উৎপাদন লক্ষ্যমাত্রা দৈনিক ১৫ কোটি লিটার। দৈনিক সকল গভীর নলকূপ হতে ২৬ কি.মি. পাইপ লাইনের মাধ্যমে অপরিশোধিত পানি সংগ্রহ করে পরিশোধন করা হয়। পরিশোধন শেষে আয়রন রিসার্ভাল প্লান্ট-১ এর Over Ground Reservoir (OGR) হতে বুস্টারিং করে ১২০০ মিঃমিঃ ব্যাসের পাইপ দিয়ে ভাকুর্তা, মোগড়াকান্দা, আমিনবাজার, গাবতলী হয়ে মীরপুর (মডস জোন-৪, মডস জোন-১০) এলাকায় দৈনিক প্রায় ১৫ (পনেরো) কোটি লিটার সুপেয় পানি সরবরাহ করা হয়।

সাভার-কেরানীগঞ্জ ওয়েলফিল্ড প্লান্টের ৪৫ টি গভীর নলকূপের মাধ্যমে আইআরপি-১ এর ১৩ কিলোমিটার এবং আইআরপি-২ এর ১০ কিলোমিটার পাইপ লাইন রয়েছে এছাড়া OGR হতে ডিস্ট্রিবিউশন পয়েন্ট পর্যন্ত ১৩.২ কিলোমিটার পাইপ লাইন নেটওয়ার্ক বিদ্যমান। উক্ত লাইনের মাধ্যমে দৈনিক প্রায় ১৫ কোটি লিটার পানি ঢাকা শহরের বৃহত্তর মীরপুর এলাকায় সরবরাহ করা হচ্ছে। বিদ্যমান পাম্পের ৪০০ মিঃমিঃ, ২৫০ মিঃমিঃ ও ২০০ মিঃমিঃ ডেলিভারী পাইপ লাইনে বিভিন্ন সময় লিকেজ পরিলক্ষিত হয়। পানির উৎপাদন ও মান স্বাভাবিক রাখার নিমিত্তে জরুরী বিবেচনায় দ্রুত লিকেজ মেরামত করার প্রয়োজন হয়। জরুরী মেরামতের জন্য বিভিন্ন সাইজের ডেসারসহ ফিটিংস প্রয়োজন হয়। বর্তমানে প্লান্টে বিভিন্ন সাইজের ডেসার মজুদ রয়েছে কিন্তু লিকেজ মেরামতের জন্য রাবারের ডেসার কাপলিং গ্যাসকেট নেই (সংযুক্তি-১ এ গ্যাসকেটের ছবি)। জরুরী ভিত্তিতে রাবারের ডেসার কাপলিং গ্যাসকেট ক্রয় করা প্রয়োজন। উল্লেখিত কাজের জন্য পূর্বানুমোদিত দরের ভিত্তিতে একটি প্রাক্কলন প্রস্তুত করা হল (সংযুক্তি-২)। প্রণীত প্রাক্কলনে মোট ব্যয়ের পরিমাণ দাঁড়িয়েছে ৳.২৪,৫০০.০০ (টাকা চব্বিশ হাজার পাঁচশত) টাকা মাত্র। কাজটির ব্যয় অত্র বিভাগের ২০২৪-২০২৫ ইং অর্থ বছরের বাজেট বরাদ্দের অনুমোদিত ক্রয়-পরিকল্পনার (ক্রমিক নং-১৭৪) “পানি ও পয়ঃশোধনাগার (ও এন্ড এম)” খাত হতে নির্বাহ এবং পিপিআর/২০০৮ এর বিধি ৮১ (১) অনুসরণ করে বিল ভাউচারের মাধ্যমে সমন্বয় করা হবে।

অনুচ্ছেদ-১.০

এমতাবস্থায়, উপর্যুক্ত অনুচ্ছেদ-১.০ এর বর্ণনার আলোকে **Purchase of Dresser coupling rubber gasket for pipe line leakage repair work** কাজটি সম্পাদনের লক্ষ্যে নিম্নবর্ণিত প্রস্তাব সমূহ সদয় অনুমোদন দেয়া যেতে পারে:-

- ক) বর্ণিত কাজের জন্য সর্বমোট ৳.২৪,৫০০.০০ (টাকা চব্বিশ হাজার পাঁচশত) টাকার প্রাক্কলন অনুমোদন।
খ) পিপিআর/২০০৮ এর বিধি ৮১(১) মোতাবেক কাজটি অস্থায়ী অগ্রীম হিসাবে বাস্তবায়নের সদয় অনুমোদন এবং
গ) আলোচ্য কাজের ব্যয়ভার ২০২৪-২৫ ইং অর্থ বছরের বার্ষিক ক্রয়-পরিকল্পনার “পানি ও পয়ঃশোধনাগার (ও এন্ড এম)” খাতের ক্র: নং-১৭৪ হতে নির্বাহের প্রশাসনিক অনুমোদন।

উপর্যুক্ত প্রস্তাবনাসমূহ অনুমোদনের ক্ষমতা প্রধান প্রকৌশলী মহোদয়ের আওতাধীন।

[Signature]
30.4.2025

মোঃ রেজাউল করিম
উপ-সহকারী প্রকৌশলী
সাভার-কেরানীগঞ্জ ওয়েলফিল্ড প্লান্ট, ঢাকা ওয়াসা।

[Signature]
মোঃ নাজিম
সহকারী প্রকৌশলী
সাভার-কেরানীগঞ্জ ওয়েলফিল্ড প্লান্ট, ঢাকা ওয়াসা।

[Signature]
মোঃ নাজিম ইমতিয়াজ
নির্বাহী প্রকৌশলী
সাভার-কেরানীগঞ্জ ওয়েলফিল্ড প্লান্ট, ঢাকা ওয়াসা।

[Signature]
SE, WSTP-e

[Signature]
30.4.2025

মিস্ত্রী গোলাম কিবরি
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
পানি ও পয়ঃশোধনাগার সার্কেল
ঢাকা ওয়াসা।

[Signature]

[Signature]
প্রকৌশলী মোঃ আব্দুস সালিম
প্রধান প্রকৌশলী
ঢাকা ওয়াসা